মুজিবনগর সরকারি শিশু পরিবারের স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ

সেভ দ্য চিলড্রেনের উদ্যোগে মেহেরপুরের মুজিবনগর সরকারি শিশু পরিবারের শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

গতকাল শনিবার বিকেল ৫টায় মানিকনগর ডিএম আমিনিয়া আলিম মাদ্রাসায় মুজিবনগর সরকারি শিশু পরিবারের ৯০ জন শিক্ষার্থীদের মাঝে স্কুল ব্যাগ ও শিক্ষা উপকরণ বিতরণ করা হয়েছে।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি মুজিবনগর উপজেলা নির্বাহি অফিসার ওসমান গনি ।

আরো উপস্থিত ছিলেন মুজিবনগর সরকারি শিশু পরিবারের তত্ত¡◌াবধায়ক রুমানা ইয়াসমিন, সেভ দ্য চিলড্রেন মেহেরপুর ফিল্ড অফিসের ডেপুটি ম্যানেজার হাবিবুর রহমান, পলাশীপাড়া সমাজ কল্যাণ সমিতির পরিচালক মোশারফ হোসেন প্রমুখ।

- নিজস্ব প্রতিনিধি

গাংনীর তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের কাউন্সিল বন্ধ!

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগ সম্মেলনের দিন ৩০ নভেম্বর গতকাল শনিবার নির্ধারিত থাকলেও কোন নির্দিষ্ট কারণ ছাড়াই তা বন্ধের নির্দেশ দিয়েছেন গাংনী উপজেলা

আওয়ামী লীগের সভাপতি ও মেহেরপুর-২ আসানের সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

হঠাৎ করে এ ধরনের সিদ্ধান্তে ক্ষুদ্ধ ওই ইউনিয়নের সংশ্লিষ্ট নেতাকর্মীরা। জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক নেতাকর্মীদের অনুরোধে বিষয়টি সরেজমিনে দেখার জন্য ওই এলাকায় যান।

সেখানে গিয়ে তিনি প্যান্ডেল তৈরীর আংশিক কাজ করা হয়েছে দেখতে পান। তবে বাকী কাজ বন্ধের বিষয়টিও তিনি জানতে পারেন।

সাংবাদিকের এক প্রশ্নের জবাবে জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও উপজেলা পরিষদের চেয়ারম্যান এম এ খালেক জানান, সংশ্লিষ্ট এলাকায় গিয়ে তিনি সরেজমিনে গিয়ে দেখেছেন কাউন্সিলের জন্য প্রস্তুতির আংশিক সম্পন্ন হয়েছে তবে জেলা কমিটির সাথে এলাকার নেতাকর্মীদের সাথে কোন আলোচনা বা সমন্বয় না করে তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগের সম্মেলন কেন বন্ধ করা হলো এ বিষয়টি আমার বোধগম্য নয়।

তবে তিনি ক্ষুদ্ধ নেতাকর্মীদের সাংগঠনিক নিয়মে ধৈর্য্যধারণ করার পরামর্শ দেন এবং যত তাড়াতাড়ি সম্ভব পুনরায় সম্মেলনের দিন তারিখ নির্ধারণ করে তা জানিয়ে দিবেন বলে আশ্বস্ত করেন।

তেঁতুলবাড়ীয়া ইউনিয়ন আওয়ামী লীগে কাউন্সিল বিষয়ে মেহেরপুর-২ আসনের এমপি সাহিদুজ্জামান খোকন জানান, যেহেতু থানা কাউন্সিল এখন হচ্ছে না তাই তেঁতুলবাড়ীয়া ইউনিয়নের কাউন্সিলটি পরে কোন এক দিন করা হবে।

- নিজস্ব প্রতিনিধি

শেখ হাসিনা ক্ষমতায় আসলে দেশ ও জনগনের উন্নয়ন হয়…এমপি

সাহিদুজ্জামান

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সুযোগ্য কন্যা বাংলাদেশের সফল প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা যখনই ক্ষমতায় আসে তখনই এদেশের উন্নয়ন হয় দেশের সকল শ্রেনী পেশার মানুষের ভাগ্যের উন্নয়ন হয়। দেশের মানুষ নিশ্চিন্তে রাতে ঘুমাতে পারে।

তাদের ক্ষুধা দারিদ্রতার অভিশাপ থেকে মুক্ত করেন আমাদের নেত্রী জননেত্রী শেখ হাসিনা।

শনিবার সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত মেহেরপুরের গাংনী উপজেলার তেতুলবাড়িয়া ইউনিয়নের বিভিন্ন গ্রাম পরিদর্শন কালে এমনটি বলেন, মেহেরপুর-২ (গাংনী) আসনের সংসদ সদস্য ও উপজেলা আওয়ামী লীগের সভাপতি মহাম্মদ সাহিদুজ্জামান খোকন।

গণশুনানীর অংশ হিসেবে তিনি এলাকার সকল শ্রেনী পেশার মানুষের সাথে তাদের দাবি দাওয়ার কথা শোনেন এবং তাদের দাবি পূরণের প্রতিশ্রুতি দেন।

এমপি সাহিদুজ্জামানের আগমনে হিন্দা গ্রামে ফুল দিয়ে শুভেচ্ছা জানান,জেলা পরিষদের সদস্য মোহাম্মদ আলি, তেতুলবাড়িয়া ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আব্দুল্লা আল মামুন সহ স্থানীয় আওয়ামী লীগ ও এর অঙ্গসংগঠনের নেতা কর্মীবৃন্দ।

এমপি সাহিদুজ্জামান খোকনকে কাছে পেয়ে হিন্দা গ্রামের লোকজন তাদের দাবির কথা জানান। এসময় তারা এমপির নিকট একটি মসজিদ নির্মাণের সহযোগিতা দাবি করেন।

এমপি সাহিদুজ্জামান খোকন তাদেরকে একটি মসজিদ নির্মাণের সহযোগিতার পূর্ন আশ্বাস দেন। পরে তিনি ঐ গ্রামের সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিদর্শনে যান সেখানে শিক্ষা ব্যবস্থা সম্পর্কে খোঁজ খবর নেন এবং বিদ্যালয়ে অবকাঠামো উন্নয়নের আশ্বাস দেন।

পরে তেতুলবাড়িয়া গ্রামের উদ্দেশ্যে রওনা দেওয়ার পথে পলাশী হিন্দা মাঠে কৃষকদের সাথে কথা বলেন এবং ধান ক্ষেতে নেমে কৃষকদের সাথে নিজ হাতে ধান কাটা শুরু করেন।

তিনি কৃষকদের নিজের ধান নিজে সরকারি গোডাওনে বিক্রয়ের জন্য

পরামর্শ দেন যাতে করে কৃষকরা তাদের ফসলের ন্যায্য দাম পায়।

তিনি বলেন জননেত্রী শেখ হাসিনার সরকার কৃষি বান্ধব সরকার। কৃষকভাইদের পূঁজি করে যাতে কেউ মুনাফা অর্জন করতে না পারে সেজন্য কৃষকদের কার্ডের মাধ্যমে সরাসরি তাদের কাছ থেকে ধান চাউল ক্রয় করে থাকে।

জননেত্রী শেখ হাসিনা চান এ দেশের কৃষকরা যাতে সুখে থাকে হাসি খুশি থাকে সেজন্য কৃষকদের বিভিন্ন সময় নানান রকম ভুর্তকি দিয়ে আসছেন তাছাড়া বিনা মুল্যে সার বীজ বিতরণ করে আসছে।

এমপি সাহিদুজ্জামান খোকন বলেন এর আগে বিএনপি জামায়াত জোট সরকারের আমলে আমরা দেখেছি কৃষক ভাইয়েরা টাকা দিয়ে লাইন দিয়ে সার নিতে গিয়ে গুলি খেয়ে মৃত্যু বরণ করেছেন।

আর এখন আমাদের জননেত্রী শেখ হাসিনা সরকার কৃষকভাইদে বাড়িতে বিনামুল্যে সার বীজ পৌছে দিচ্ছেন।
এমপি সাহিদুজ্জামান খোকন তার এই গ্রাম পরিদর্শনের বিষয়ে সাংবাদিকদের বলেন, ছাত্র জীবন থেকে বঙ্গবন্ধুর আদর্শে ও জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগের রাজনীতির মাধ্যমে মানুষের সেবা করে আসছি।

তিনি বলেন বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার এই মাটির খেটে খাওয়া মানুষের নেত্রী আমি আমার নেত্রীর নির্দেশনা অক্ষরে অক্ষরে পালন করে চলার চেষ্টা করছি এবং আজীবন তার নির্দেশ মেনেই আমার জনগনের সেবা করে তাদের পাশে থাকতে চাই।

এমপি সাহিদুজ্জামান খোকনের স্বপ্ন আজীবন মানুষের সেবার রাজনীতির মাধ্যমে এই এলাকার উন্নয়ন তথা সোনার বাংলা গড়ে তোলা।

এ সময় উপজেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা, সাহারবাটি ইউপি চেয়ারম্যান মোঃ গোলাম ফারুক, বামন্দী ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবাইদুর রহমান কমল, রাইপুর ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মখলেচুর রহমান, সাবেক ছাত্র নেতা শেখ আনিছুজ্জামান লুইছ সহ স্থানীয় জনপ্রতিনিধি সহ সকল স্তরের জনগণ উপস্থিৎ ছিলেন।

–গাংনী প্রতিনিধি

আমঝুপি আলিম মাদ্রাসায় ৪ তলা একাডেমিক ভবনের ভিত্তিপ্রস্তর স্থাপন

মেহেরপুর আমঝুপি আলিম মাদ্রাসায় ৪ তলা একাডেমিক ভবন নির্মানের ভিত্তিপ্রস্তরস্থাপন করা হয়েছে। শনিবার সকালে জনপ্রশাসন প্রতিমন্ত্রী অধ্যাপক ফরহাদ হোসেন এমপি ভিত্তপ্রস্তর স্থাপনের উদ্বোধন করেন।

ইউনিয়নের চেয়ারম্যান বোরহান উদ্দিন চুনু‘র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক আতাউল গনি, মেহেরপুর জেলা পুলিশ সুপার এসএম মুরাদ আলি, আরো উপস্থিত ছিলেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম।

অনুষ্ঠানে বক্তব্য রাখেন মেহেরপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা মাসুদুল আলম, মেহেরপুর জেলা পুলিশ সুপার এস এম মুরাদ আলি মেহেরপুর জেলার জেলা প্রশাসক আতাউল গনি, আমঝুপি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বোরহান উদ্দিন, কুতুবপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান ইদ্রিস আলী, বুড়িপোতা ইউনিয়নের চেয়ারম্যান শাহজামান, আমদা ইউনিয়নের চেয়ারম্যান আনারুল ইসলাম প্রমুখ।

নিজস্ব প্রতিনিধি:

মেহেরপুরের যাদবপুরে অগ্নিকান্ড

মেহেরপুর সদর উপজেলার যাদবপুর গ্রামে অগ্নিকান্ডের ঘটনা ঘটেছে। শনিবার বিকালে ইউসুফ আলীর বাড়িতে রান্না ঘরে এ ঘটনা ঘটে।

খবর পেয়ে মেহেরপুর ফায়ার সার্ভিসের একটি দল ঘটনাস্থলে পৌছে আগুন নিয়ন্ত্রন করে। ততক্ষনে রান্নাঘরের সবকিছু পুড়ে ছায় হয়ে যায়।

ইউসুফ আলী জানান, দুপুরে রান্না করার পর কোন এক সময় আগুন লেগে যায়। পরে আমরা ফায়ার সার্ভিসে খবর দিলে সেখান থেকে এস আগুন নিয়ন্ত্রন আনে।

- নিজস্ব প্রতিনিধি

মুজিবনগরের পুরন্দরপুরে রাইস মিলে জড়িয়ে শিশুর মৃত্যু

মেহেরপুরের মুজিবনগর উপজেলার পুরন্দরপুর গ্রামে রাইস মিলের লাইনশ্যাপে জড়িয়ে সোহানা খাতুন নামের ৬ বছর বয়সী এক শিশুর মৃত্যু হয়েছে।
শনিবার বিকাল সোয়া তিনটার দিকে এ দুর্ঘটনা ঘটে। নিহত সোহানা একই গ্রামের সুহিন ইসলামের মেয়ে।
স্থানীয়রা জানান, আবুল হাজির রাইস মিল রফিকুল ইসলাম নামের একজন লিজ নিয়ে পরিচালনাকেরেন। মিলের মূল লাইনশ্যাপটি মিল ঘরের বাইরেও বেশ খানিক বের হয়ে থাকে। ঘটনার সময় মিল চলছিল। শিশু সোহানা সেখানে খেলা খেলছিল। অসাবধানবশত মিলের লাইনশ্যাপে সোহানার পোশাক জড়িয়ে গেলে সোহানাও লাইন শ্যাপের সাথে পাক খেতে থাকে। এতে ঘটনাস্থলের তার মৃত্যু হয়।

-মুজিবনগর অফিস

মেহেরপুর জেলা জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের বিজয়ী সদস্যদের সংবর্ধনা

মেহেরপুর জেলা আইনজীবি সমিতি নির্বাচনে জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম প্যানেল জয়লাভ করায় সংবর্ধনা দেওয়া হয়েছে। শনিবার সকালে জেলা বিএনপির কার্যালয়ের সামনে এ সংবর্ধনা অনুষ্ঠানের আয়োজন করা হয়।

সভাপতি ও সাধারন সম্পাদকসহ ১৫টি পদের মধ্যে ৯টিতে বিএনপি সমর্থিত সভাপতি নির্বাচিত হন অ্যাড. মারুফ আহমেদ বিজন ও সাধারন সম্পাদক আবু সালেহ মো: নাসিম।

সংবর্ধনা অনুষ্ঠানে জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন বলেন, এই বিজয় আইনের শাসন প্রতিষ্ঠা ও দেশনেত্রী বেগম খালেদা জিয়ার মুক্তির সংগ্রামকে বেগবান করবে।

এসময় অন্যদের বক্তব্য দেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টনসহ জেলা বিএনপি ও আইনজীবি ফোরামের নেতৃবৃন্দ।
– মেহেরপুর প্রতিনিধি

মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষনা

আগামী ১৩ ডিসেম্বর মেহেরপুর জেলা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচন অনুষ্ঠিত হবে। এ উপলক্ষে শনিবার প্রধান নির্বাচন

কমিশনার আব্দুল্লাহ আল আমিন ধুমকেতু জেলা প্রেস ক্লাবের দ্বি-বার্ষিক নির্বাচনের তফসিল ঘোষনা করেন।

তফসিল অনুযায়ি আগামী ২ ডিসেম্বর খসড়া ভোটার তালিকা প্রকাশ, ৩ ডিসেম্বর আপত্তি দাখিল ও নিস্পত্তি একই দিন বিকাল ৫ টায় চুড়ান্ত ভোটার তালিকা প্রকাশ, ৫ ডিসেম্বর মনোনয়নপত্র বিতরন, ৭ ডিসেম্বর মনোনয়নপত্র দাখিল, ৮ ডিসেম্বর মনোনয়নপত্র বাছাই, আপত্তি ও নিস্পত্তি, একই দিনে খসড়া প্রার্থীর তালিকা প্রকাশ, ৯ ডিসেম্বর প্রার্থীতা প্রত্যাহার, ১০ ডিসেম্বর চুড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ এবং ১৩ ডিসেম্বর সকাল ৯ টা থেকে দুপুর ১টা পর্যন্ত ভোট গ্রহন।
-নিজস্ব প্রতিনিধি

মেহেরপুরে বিএনপি, চুয়াডাঙ্গায় আ. লীগের সংখ্যা গরিষ্ঠতা লাভ

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদক সহ ১৫ টির মধ্যে ৯ টি পদে বিএনপি প্যানেল এবং চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতির নির্বাচনে সভাপতি, সাধারণ সম্পাদক সহ ১৫ টির মধ্যে ৯ টি পদে আওয়ামী প্যানেল বিজয়ী হয়েছে।

মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নির্বাচনে বিএনপি প্যানেল থেকে অ্যাড. মারুফ আহম্মেদ বিজন ৫৭ টি ভোট পেয়ে সভাপতি নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বি এসএম ইব্রাহীম শাহিন পেয়েছেন ৪৮ টি ভোট।
সাধারণ সম্পাদক পদে বিএনপি প্যানেল আবু সালেহ মোহাম্মদ নাসিম ৬৫ টি ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন, তার নিকটতম প্রতিদ্বন্দ্বি কাজি শহিদুল হক পেয়েছেন ৪০ ভোট। এছাড়াও আরও ৯জন প্রার্থী নির্বাচিত হয়ছেন বিএনপি প্যানেল থেকে।

অপরদিকে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের ৬ প্রার্থী বিজয়ী হয়েছে।

এছাড়াও জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সহ-সভাপতি অ্যাড. আদিল করিম (৫১ ভোট), রফিকুল ইসলাম (৫৩ ভোট), যুগ্ম সম্পাদক পদে রফিকুল ইসলাম-২ (৫৬ ভোট), বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের নাজমুল হুদা (৫৪ ভোট), কোষাধ্যক্ষ মোশারফ হোসেন (৫৫ ভোট), গ্রন্থাগার ও সাংস্কৃতিক সম্পাদক পদে শাহরিয়ার মাহমুদ শাওন (৫৬ ভোট), সদস্য পদে বঙ্গবন্ধু আওয়ামী আইনজীবী পরিষদের রোকেয়া খাতুন (৫৭ ভোট), রুত শোভা মন্ডল (৫২ ভোট), সেলিম রেজা গাজী (৫২ ভোট), সুজন হাসান (৬৪ ভোট)।

জাতীয়তাবাদী আইনজীবী ফোরামের সদস্য পদে রহমতুল্লাহ (৫১ ভোট), সাইফুল ইসলাম সাহেব (৪৯ ভোট), শফিউল আযম খান বকুল (৫৩ ভোট) বিজয়ী হয়েছেন।

গতকাল শুক্রবার সকাল সাড়ে ৯ টা থেকে বিকাল ৩টা পর্যন্ত মেহেরপুর জেলা আইনজীবী সমিতির নিজস্ব ভবনে ভোট গ্রহণ চলে। ভোট গ্রহন শেষে নির্বাচন কমিশনার অ্যাড. বিমল বাবু নির্বাচনের ফলাফল ঘোষনা করেন।
আওয়ামী লীগ সমর্থিত আওয়ামী আইনজীবী পরিষদ ও বিএনপি সমর্থিত জাতীয়তাবাদী আইনজীবী ফোরাম এই দুটি প্যানেলে নির্বাচনে অংশ নেয়। ১২৪ জন ভোটারের মধ্যে ১০৮ জন আইনজীবী তাদের ভোট প্রয়োগ করেন।

চুয়াডাঙ্গা প্রতিনিধি জানান,
চুয়াডাঙ্গা জেলা আইনজীবী সমিতির নির্বাচনে আওয়ামী লীগ সমর্থিতরা জয়লাভ করেছেন। ১৫টি পদের মধ্যে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ ৯টি পদে আওয়ামী লীগ সমর্থিত প্রার্থী ও একটি সহ সভাপতি ও দুটি যুগ্ন সম্পাদক পদসহ ৬টি পদে বিএনপি সমর্থিত প্রার্থী জয়লাভ করেছেন। আজ গতকাল শুক্রবার সকাল ৮টা থেকে বেলা ১২টা পর্যন্ত জেলা আইনজীবী সমিতি ভবনে ভোটগ্রহণ সম্পন্ন হয়।

নির্বাচন পরিচালনা উপ-পরিষদের আহŸ◌ায়ক অ্যাডভোকেট মোঃ আব্দুর রশিদ চৌধুরী জানান, জেলা আইনজীবী সমিতির নির্বাচনে ১৭৪ জন ভোটারের মধ্যে ১৭০ জন ভোটার তাদের ভোটধিকার প্রয়োগ করেন। এর মধ্যে ১০টি ভোট বাতিল বলে গণ্য হয়। ভোট গননা শেষে রাত আটটায় ফলাফল ঘোষণা করা হয়।

নির্বাচনে সভাপতি পদে মোল্লা আব্দুর রশিদ, সহ-সভাপতি পদে মো: আব্দুল খালেক ও মামুন আকতার, সাধারণ সম্পাদক পদে আবুল বাশার, সহ-সাধারণ সম্পাদক পদে মাসুদ পারভেজ রাসেল ও হুমায়ুন কবীর এবং সদস্য

পদে মফিজুর রহমান মফিজ, হাসিবুল ইসলাম ইব্রাহিম, আসাদুজউজামান মিল্টন, শরিফুল ইসলাম, আতিয়ার রহমান, আবু তালেব, মাসুদুর রহমান রানা, নাসির উদ্দিন ও শাহিন আকতার নির্বাচিত হয়েছেন।

- নিজস্ব প্রতিনিধি

মহিলাদের সাবলম্বী করতে সরকার নিরলস কাজ করছে সরকার-প্রতিমন্ত্রী ফরহাদ

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি বলেছেন, বর্তমান সরকার শেখ হাসিনা নারীদের আত্ম কর্মসংস্থানের জন্য পুরুষের পাশাপাশি ব্যাপক ক্ষুদ্র ঋণ কার্যক্রম শুরু করেছেন। মহিলারা নিজের পায়ে দাড়াতে পারে এই জন্য সরকার নিরলস ভাবে কাজ করে যাচ্ছে।

গতকাল শুক্রবার বেলা সাড়ে ১০টার দিকে মেহেরপুর মহিলা সংস্থার উদ্যোগে মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমের চেক বিতরণ করার সময় এক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে একথা বলেন।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফারহাদ হোসেন এমপি আরো বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা দেশকে এগিয়ে নেওয়ার জন্য বছরের প্রথম দিনে শিক্ষার্থীদের হাতে বিনামূল্যে বই তুলে দিচ্ছে, স্কুলের পরিবেশ সুন্দর হচ্ছে। ১৫ বছর আগে দেশের যে চিত্র ছিলো এখন আর তা নেই।

অর্থনৈতিক উন্নয়নের কারণে দেশের মানুষ কেউ পুষ্টিহীন নেই। সবই হচ্ছে আওয়ামী লীগ সরকারের আমলে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৪১ সালে আমাদের এই দেশ বিশ্বের একটি উন্নয়ন সমৃদ্ধি দেশ হিসেবে দেখতে চাই।

সদর উপজেলা নিবার্হী অফিসার মাসুদুল আলমের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন জেলা প্রশাসক আতাউল গনি, পুলিশ সুপার এস এম

মুরাদ আলি।

স্বাগত বক্তব্য রাখেন জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান শামিম আরা হিরা। পরে ৫০ জন মহিলাদের আত্ম কর্মসংস্থানের জন্য ক্ষুদ্র ঋণ কার্যক্রমে ৭ লক্ষ ৫০ হাজার টাকার চেক বিতরণ করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এমপি।

- নিজস্ব প্রতিনিধি